

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
**জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট**  
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

নম্বর : ১৫.৫৫.০০০০.৫০২.২৫.০০৪.২৩.২৫৪

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
০৩ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

**প্রেস রিলিজ**

ঢাকা, ০৩ আগস্ট ২০২৩ খ্রি.

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত ০৩ (তিন) সপ্তাহব্যাপী **Visual Radio Techniques** পাঠ্যধারার সমাপন ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান ০৩ আগস্ট ২০২৩ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সমাপন ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক ফায়জুল হক।

তাত্ত্বিক ও ব্যবহারিক প্যারয়ে প্রশিক্ষণলব্ধ জ্ঞান অর্জনের মাধ্যমে চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলাসহ স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার নিমিত্তে প্রশিক্ষণার্থীগণ অধিকতর যোগ্য কর্মী হিসেবে গড়ে তোলাই এ পাঠ্যধারার মূল লক্ষ্য ছিল।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন পাঠ্যধারা উপদেষ্টা ও পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) মো. নজরুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) ড. মো. মারুফ নাওয়াজ, পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এ কে এম আজিজুল হক এবং পাঠ্যধারা পরিচালক নাহিদ নাজ। পাঠ্যধারাটিতে বাংলাদেশ বেতারের ১৪ (চৌদ্দ) জন এবং জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ০২ (দুই) জনসহ মোট ১৬ (ষোল) জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন।

**আবদুল হান্নান**  
গণসংযোগ কর্মকর্তা  
ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

**বিতরণ : সদয় কার্যার্থে**

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা
- ২। মুখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশেটিভি/ এনটিভি/ সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ/ কমিউনিটি রেডিওসমূহ।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।  
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।